# কসর ও জমা করে সালাত আদায় সম্পর্কে কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ মুসাফিরের সালাত ও অন্যান্য বিধি-বিধান নিয়ে কিছু প্রশ্নোত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১২ জুম‘আর দিনে কী সফর করা জায়েয?

জুম‘আর দিনে জুম‘আর সালাতের দ্বিতীয় আযান হয়ে গেলে সফরের উদ্দেশ্যে বের হওয়া হারাম। কারণ আল্লাহ তা‘আলা বলেন,

﴿يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوٓاْ إِذَا نُودِيَ لِلصَّلَوٰةِ مِن يَوۡمِ ٱلۡجُمُعَةِ فَٱسۡعَوۡاْ إِلَىٰ ذِكۡرِ ٱللَّهِ﴾ [الجمعة: ٩]

“হে যারা ঈমান এনেছ, যখন তোমাদেরকে জুম‘আর দিনে সালাতের জন্য ডাকা হয় তখন তোমরা আল্লাহর যিকর এর দিকে ধাবিত হও”। [সূরা আল-জুম‘আহ: ৯]

কিন্তু যদি দ্বিতীয় আযানের পূর্বে সফর শুরু করে তবে তা জায়েয। তবে কোনো কোনো আলেম বলেছেন এ সময়েও তার জন্য সফর করা মাকরূহ; যাতে করে কোনো মানুষের জন্য জুম‘আর উপস্থিত হওয়ার যে ফযীলত রয়েছে তা থেকে সে মাহরূম না হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7309

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন